গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) ইউনিট

**বিষয়: সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত অবহিতকরণ সভার কার্যবিবরণী।**

সভাপতি : ড. হুমায়রা সুলতানা

অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) অনুবিভাগ ও এপিএ টিম প্রধান

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

সভার তারিখ : ২৩.০৩.২০২৩ খ্রিস্টাব্দ

সভার সময় : সকাল ১০:০০ টা

স্থান : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সভাকক্ষ এবং জুম প্ল্যাটফর্ম।

সভার উপস্থিতি : সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (পরিশিষ্ট-ক) সদয় দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি বলেন যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মিশন হচ্ছে সমবায়ভিত্তিক ও সমন্বিত পল্লী উন্নয়ন কার্যক্রম/কর্মসূচি পরিচালনা এবং পল্লী উন্নয়নে ধারাবাহিক গবেষণার মাধ্যমে পল্লী এলাকার দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন সাধন। এক্ষেত্রে নাগরিকগণের সঠিকভাবে কাংখিত সেবা প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি চালু করা হয়। সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) হচ্ছে নাগরিক এবং সেবাদাতারের মধ্যে একটি চুক্তি, যেখানে সেবা প্রদান সংক্রান্ত যাবতীয় বিবরণ ও নির্দেশনা বিবৃত থাকে। এটি সেবা প্রদান প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনয়ন করে থাকে। এটি নাগরিকের সেবা, সেবা প্রাপ্তি এবং সেবা প্রদান বিষয়ে তথ্য নাগরিকদের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রম নাগরিকগণের অংশীদারিত্ব বৃদ্ধি, সরকারি কর্মকর্তা/কর্মচারীদের জবাবদিহিতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। ২০০০ সালে জনপ্রশাসন সংস্কার কমিশন কর্তৃক 'একুশ শতকের জনপ্রশাসন' শীর্ষক প্রতিবেদনে কতিপয় সরকারি দপ্তর/সংস্থায় সেবা প্রদান প্রতিশ্রুতি প্রবর্তনের সুপারিশ করা হয়। এরই ধারাবাহিকতায় সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/মাঠ প্রশাসনে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ২১ মে ২০০৭ তারিখে একটি পরিপত্র জারি করা হয়।

০২. সভাপতির অনুমতিক্রমে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ফোকাল পয়েন্ট সভাকে অবহিত করেন যে, সেবা গ্রহীতাদের সেবা গ্রহণে সঠিক নির্দেশনা প্রাপ্তি নিশ্চিতকরণে প্রতিশ্রুত সেবাসমূহকে নিম্নোক্ত তিনটি ভাগে ভাগ করা হয়েছে: ক) নাগরিক সেবা খ) প্রাতিষ্ঠানিক সেবা এবং গ) অভ্যন্তরীণ সেবা। নাগরিকগণকে কোন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/কার্যালয় হতে সরাসরি যে সেবা প্রদান করা হয় তাকে নাগরিক সেবা বলে। বেসরকারি প্রতিষ্ঠানকে প্রদত্ত সেবা যদি নাগরিকগণকে প্রদত্ত সেবার অনুরূপ হয় তবে সেটিও নাগরিক সেবা হিসেবে অন্তর্ভুক্ত হবে যেমন: সম্পত্তির রেজিস্ট্রেশন, ট্রেড লাইসেন্স, ইত্যাদি। সরকারি যে কোন প্রতিষ্ঠান কর্তৃক এর আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা/কার্যালয় এবং দাপ্তরিকভাবে সম্পৃক্ত দেশি/বিদেশি বেসরকারি প্রতিষ্ঠানকে প্রদত্ত সেবাকে বলে দাপ্তরিক/প্রাতিষ্ঠানিক সেবা। আওতাধীন অধিদপ্তর দপ্তর/সংস্থা/কার্যালয়সহ একই প্রতিষ্ঠানের অন্য শাখা/অধিশাখা/অনুবিভাগ-কে এবং সেখানে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের প্রদত্ত সেবাকে অভ্যন্তরীণ সেবা বলে। যেমন: বিশেষ ছুটি, জিপিএফ অগ্রিম, অভ্যন্তরীণ পদোন্নতি, কম্পিউটার/প্রিন্টার সরবরাহ ইত্যাদি। সভায় আরো জানানো হয় যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে প্রাতিষ্ঠানিক এবং আভ্যন্তরীণ সেবা প্রদান করা হয়ে থাকে। তিনি এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ সম্পর্কে সকলকে আবহিত করেন।

০৩. এ প্রসঙ্গে সভাপতি বলেন, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিকল্পনা ২০২২-২৩ এ উল্লিখিত কার্যক্রমের অংশ হিসেবে আজকের এ সভা আয়োজন করা হয়েছে। তিনি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সিটিজেন চার্টারে বর্ণিত তথ্যসমূহ এ বিভাগ ও অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের জন্য সহায়ক কি না এবং সেবা প্রদানের সময়সীমা অনুসারে

সেবা প্রদান করা হচ্ছে কিনা সে বিষয়ে মতামত জানানোর জন্য সভায় অংশগ্রহণকারীদের অনুরোধ জানান। তিনি পাশাপাশি সহজ ও দ্রুততম সময়ের মধ্যে সেবা প্রদানের ক্ষেত্রে আরও কোন মতামত বা সুপারিশ থাকলে তা অবহিত করার জন্য অংশগ্রহণকারী সদস্যবৃন্দকে অনুরোধ জানান।

**০৪. মুক্ত আলোচনা**

৪.১ এ পর্যায়ে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), মৌলভীবাজার কার্যালয় এর উপপরিচালক জানান, বিআরডিবি'র উপজেলা পর্যায়ে বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম চলমান। প্রশিক্ষণ কার্যক্রমটি ইউনিয়ন পর্যায়ে আয়োজন করা সম্ভব কিনা সে বিষয়ে জানতে চলমান। তিনি বলেন, ইউনিয়ন পর্যায়ে প্রশিক্ষণ আয়োজন করা গেলে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের উক্ত প্রশিক্ষণে সম্পৃক্ত করাসহ কার্যক্রম বাস্তবায়ন সহজ হবে।

৪.২ গাইবান্ধার সাদুল্ল্যাপুর উপজেলার জামুডাঙ্গা মহিলা পল্লী উন্নয়ন সমিতির উদ্যোক্তা লাভলী বেগম জানান, তিনি ২০১৮ সালে বিআরডিবি হতে ১৫ দিনের প্রশিক্ষণ গ্রহণ করে ২০২০ সালে প্রশিক্ষক হিসাবে জামুডাঙ্গা মহিলা সমবায় সমিতি, গাইবান্ধা সাদুল্ল্যাপুরে যোগদান করে ১৫০০ জন মহিলাকে প্রশিক্ষণ প্রদান করেন। তার অধীনে প্রায় ১২০০ জন মহিলা কাজ করছেন। বর্তমানে উক্ত সমিতিতে নকশি কাঁথা, শাড়ী, পাঞ্জাবী, বেডশীট ও ব্লক ও বাটিক তৈরি করা হয় এবং দেশের বিভিন্ন প্রান্তে ও দেশের বাহিরেও বিক্রয়ের জন্য পাঠানো হয়। মহিলাদের এত সুযোগ-সুবিধা দেয়ার জন্য তিনি মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। সেই সাথে বিআরডিবিকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি বলেন অসংখ্য মহিলা বিআরডিবি'র প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণে আগ্রহী। তাই বিআরডিবি'র এই প্রশিক্ষণ কার্যক্রমটি দুইমাসব্যাপী করার প্রস্তাব দেন।

৪.৩ জনাব দীপঙ্কর মন্ডল, ব্যবস্থাপনা পরিচালক, মিল্কভিটা বলেন অংশীজনদের সরাসরি উপস্থিতিতে এই মিটিং করলে আরো সমৃদ্ধ হবে। জেলা পর্যায়ে সভা আয়োজনের মাধ্যমে সমস্যা চিহ্নিত করে তা বিভাগীয় পর্যায়ে প্রেরণ করতে হবে এবং বিভাগীয় পর্যায়ে সভা আয়োজনের মাধ্যমে সমস্যা চিহ্নিত করে তা হেড অফিসে প্রেরণ করতে হবে মর্মে জানান। তিনি আরও বলেন, মিল্কভিটার যেসকল সমিতি রয়েছে সেখানে যদি মিল্ক কালেকশন সফট্ওয়্যার এবং একাউন্টিং সিস্টেম সফট্ওয়্যার ব্যবহার করা যায় তাহলে দুর্নীতি হ্রাস পাবে এবং শুদ্ধাচার প্রতিষ্ঠিত হবে।

৪.৪ মিল্কভিটা থেকে সুশীল সমাজের টেকেরহাট প্রতিনিধি ডি. এম মনোয়ার হোসেন, জানান যে, তিনি একজন সফল খামারী। তার ২০ টি গাভী ছিলো কিন্তু গোখাদ্যের অতিরিক্ত দামের জন্যে ১০টি গাভী বিক্রয় করা হয়েছে। বর্তমানে ১০টি গাভী লালন পালনের জন্য মিল্কভিটা থেকে ঘাসের বীজ ও চিকিৎসা সুবিধা পাচ্ছেন। তিনি গো-খাদ্যের মূল্য নিয়ন্ত্রণ এবং মিল্কভিটা হতে সমবায় সমিতির মাধ্যমে গো-খাদ্য উৎপাদনের জন্য সভায় অনুরোধ জানান।

৪.৫ মৌলভী বাজার সদর উপজেলার এসএসই উপকারভোগী জনাব মোঃ ফখরুল ইসলাম জানান, আমাদের এসএমই ঋণের চাহিদা বেশী। তিনি বর্তমান বরাদ্দ বৃদ্ধিসহ আবর্তক আবর্তন ঋণের সিলিং বৃদ্ধির জন্য অনুরোধ জানান।

৪.৬ ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ) এর সুশীল সমাজের পিরোজপুর জেলার সদর উপজেলার শংকরপাশা ইউনিয়নের প্রতিনিধি জনাব আ: কুদ্দুস শেখ, কমিউনিটি পুলিশের সহ-সভাপতি জানান এই অঞ্চলের কৃষকেরা এসএফডিএফ থেকে ঋণ নিয়ে উপকৃত হন এবং সঠিক সময়ে ঋণ পরিশোধ করেন। বর্তমানে বিদ্যমান ঋণের সুদের হার বেশী হওয়ায় সুদের হার হ্রাসের জন্য অনুরোধ করছি। তিনি আরও বলেন এসএমই ঋণ চলাকালীন যদি কোন সদস্য মারা যান সেক্ষেত্রে ঋণের টাকা মওকুফের জন্যও তিনি আনুরোধ করেন।

৪.৭ মো: তৈয়বুর রহমান ২ নং গায়েদা মডেল ইউনিয়ান পরিষদ, শেরপুর, বগুড়া থেকে বলেন, পল্লী উন্নয়ন একাডেমী থেকে বিভিন্ন প্রশিক্ষণ দেওয়া হয় যা জনগণের মধ্যে অত্যন্ত সুফল বয়ে আনছে। কালসীমাটি গ্রামে আরডিএ এর সহযোগিতায় অনেক গৃহ নির্মাণ করে দেওয়া হয়েছে। এই কার্যক্রম দ্বারা এই এলাকার নাগরিকগণ অনেক উপকৃত হয়েছেন। তিনি কার্যক্রমটি অব্যাহত রাখার জন্য অনুরোধ জানিয়ে বলেন, আরডিএ'র মাধ্যমে যদি এই এলাকায় আলু, ধান, গম ও ভুট্টার উন্নতজাতের বীজ বিতরণের ব্যবস্থা করা যায় তাহলে এলাকার চাষীরা অনেক উপকৃত হবে।

**৫. সিদ্ধান্ত:** পরিশেষে সভায় নিম্নলিখিত সুপারিশসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়:

৫.১ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কে নিম্নলিখিত সুপারিশগুলোর বিষয় পর্যালোচনা করে একটি প্রতিবেদন আগামী ১৫ দিনের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে:

- আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ইউনিয়ন পর্যায়ে যুগোপযোগী প্রশিক্ষণ প্রদান সম্ভব কিনা;
- আবর্তন ঋণের সিলিং বৃদ্ধি;
- আবর্তক ঋণের সুদের হার ২ ডিজিট থেকে কমিয়ে এক ডিজিটে আনা;

৫.২ বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), সমবায় অধিদপ্তরসহ সকল দপ্তর/সংস্থা নিম্নলিখিত বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে পারে:

- গাভী ও গরু মোটাতাজাকরণের সংক্রান্ত কাজে একটু বেশী ঋণ প্রদান করা যায় কিনা সে বিষয়ে পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ;
- সমবায়ীদের আয়ের কিছু অংশ সঞ্চয় করার বিষয়ে তাদেরকে উৎসাহ ও পরামর্শ প্রদান;

➢ স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং দুর্নীতি প্রতিরোধে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে ইন্টিগ্রেটেড সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম নামক সফট্ওয়্যার এর অনলাইন মিল্ক কালেকশন অংশের কার্যক্রম অতি দ্রুত চালুকরণ;

➢ সেবাপ্রত্যাশীদের নিকট থেকে প্রাপ্ত প্রতিটি অভিযোগ গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে প্রাপ্ত অভিযোগের আলোকে নির্ধারিত সময়সীমার মধ্যে কার্যক্রম গ্রহণ ও প্রতিকার করে তাদেরকে অবহিতকরণ;

৫.৩ মিল্কভিটার আওতাভুক্ত সমবায় সমিতির মাধ্যমে গো-খাদ্য উৎপাদনের বিষয়টি মিল্কভিটা কর্তৃপক্ষ পরীক্ষা-নিরীক্ষা করতে পারে;

৬. পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬.০৬.২০২৬

(ড. হুমায়রা সুলতানা)
অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন)
ও এপিএ টিম প্রধান
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

স্মারক নং: ৪৭.০০.০০০০.০৪৩.১৬.০০১.২০.৮৫ তারিখ: ২৩/০৩/২০২৩ খ্রি:

১) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
২) নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর
৩) মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
৪) মহাপরিচালক , মহাপরিচালক এর দপ্তর, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমি (বাপার্ড)
৫) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি: (মিল্কভিটা)
৬) মহাপরিচালক (রুটিন দায়িত্ব), বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
৭) ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)
৮) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)
৯) উপসচিব, বাজেট অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১০) উপসচিব (সমবায়, প্রশাসন), প্রশাসন-২ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১১) উপসচিব, প্রতিষ্ঠান-২ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১২) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১৩) সিস্টেম এনালিস্ট , আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১৪) সহকারী সচিব, পরিকল্পনা-৪ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১৫) ফোকাল পয়েন্ট কর্মকর্তা/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সকল দপ্তর/সংস্থা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৬) ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১৭) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও বাজেট অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

২৬/০৬/২০২৬

(আফরিন মোহাম্মদ আঁখি)
প্রোগ্রামার
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ